

নথি নং : ৫-কাস-৮(১৮০)বিচার/কমিঃ/২০২৪/ ১৪৩৬

তারিখ : ২৫/০১/২০২৪ খ্রিঃ।

বিষয় : **Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 180 মোতাবেক কারণ দর্শাও নোটিশ জারি।**

সূত্র : ১. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা এর ডিএম নম্বর- DCH-DE-20240160168, তারিখ- ১৮/০১/২০২৪ খ্রিঃ:

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা এর ডিএম নম্বর- DCH-DE-20240160168, তারিখ- ১৮/০১/২০২৪ খ্রিঃ পর্যালোচনায় দেখা যায় যে, গোপন সংবাদের ভিত্তিতে কাস্টম হাউস, ঢাকার প্রিভেন্টিভ কর্মকর্তাগণ কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবতরণকৃত বিমান Flight no- BG 122 এ অভিযান চালিয়ে বিমানের বাথরুমের সিলিং হতে পরিত্যক্ত অবস্থায় (যাত্রীবিহীন) ৪০ টি স্বর্ণবার (রাসায়নিক পরীক্ষা ব্যতীত) (মোট ওজন ৪৬৪০ গ্রাম) পাওয়া যায় যেগুলো পরবর্তীতে কাস্টম ব্যাগেজ কাউন্টারে জমা প্রদান করে UNCLAIMED DM করা হয়।

০২। এহেন কার্য The Customs Act, 1969 এর Section 2(s) অনুসারে চোরাচালান হিসেবে বিবেচিত এবং একই আইনের ১৫, ১৬, ৩২ ও ১৩৯ ধারা অনুযায়ী অপরাধ। উক্তরূপ কর্মকাণ্ড একই সাথে যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(৫), ৩(১০), ৮(১), ১০ এর সুস্পষ্ট লঙ্ঘন; যা The Customs Act, 1969 এর Section 156(1) এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ। তাছাড়া উক্ত কর্মকাণ্ডের মাধ্যমে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ০৮(৪) ও ২৫(১২) এবং Foreign Exchange Regulations Act, 1947 (VII of 1947) এর Section 8 এর Sub-Section (1), Import & Export (Control) Act 1950 এর Section 3 এর Sub-Section (1) বিধানসমূহ লঙ্ঘিত হয়। ফলে আটককৃত পণ্যসমূহ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তযোগ্য। Customs Act, 1969 এর Section 168 অনুসারে উক্ত পণ্যসমূহ আটক করে বিমানবন্দরস্থ মূল্যবান গুদামে জমা প্রদান করা হয়।

০৩। এমতাবস্থায়, Customs Act, 1969 এর Section 156(1) এর Table ভুক্ত clause (9) এবং Foreign Exchange Regulations Act, 1947 (VII of 1947) এর Section 8(3) ও Import & Export (Control) Act 1950 এর Section 3(3) বিধান মোতাবেক আটককৃত পণ্যসমূহ কেন সরাসরি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করাসহ দোষী ব্যক্তি বা সংস্থার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক লিখিত জবাব এবং উক্ত পণ্য ক্রয় বা অর্জন ও অর্থের উৎস সম্পর্কিত দলিলাদি, এয়ারলাইন্স টিকেট, পাসপোর্ট ও অন্যান্য দলিলপত্রসহ আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য অনুরোধ করা হল। একইসাথে কেউ নিজে অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র

(Letter of Authority) ও জাতীয় পরিচয়পত্র সহ শুনানি প্রদানে আগ্রহী হলে তা লিখিত জবাবে উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে এই নোটিশের লিখিত জবাব এই দপ্তরে দাখিল করা না হলে নথিতে রক্ষিত সংশ্লিষ্ট দলিলাদির ভিত্তিতে আইনানুগ পন্থায় মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

Unclaimed

Address: Unknown



একেএম নুরুল হুদা আজাদ

কমিশনার অব কাস্টমস

ফোন: ০২-৮৯০১৫৭৭

ই-মেইল: dch@nbr.gov.bd

নথি নং : ৫-কাস-৮(১৮০) বিচার/কমিঃ/২০২৪/

তারিখ : ০১/২০২৪ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

১. সহকারী/ডেপুটি/প্রিভেন্টিভ কমিশনার (হশাআবি), কাস্টম হাউস, ঢাকা।
২. নোটিশ বোর্ড, কাস্টম হাউস, ঢাকা।
৩. অফিস কপি

১১

সমরজিৎ দাস

ডেপুটি কমিশনার (বিচার)

কমিশনারের পক্ষে